# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩৮. রাসূলুল্লাহর (ﷺ) বিশেষ বাতিনী ইলম

জালিয়াতদের বানানো একটি কথা যা হাদীস বলে প্রচলিত:

لِيْ مَعَ اللهِ وَقْتٌ لاَ يَسَعُ فِيْهِ مَلَكٌ مُقَرَّبٌ وَلاَ نَبِيٌّ مُرْسَلٌ

“আল্লাহর সাথে আমার এমন একটি সময় আছে, যেখানে কোনো নৈকট্যপ্রাপ্ত ফিরিশতা বা প্রেরিত নবীর স্থান সংকুলান হয় না।”

মুহাদ্দিসগণ একমত যে, কথাটি ভিত্তিহীন সনদহীন একটি জাল কথা, যদিও সুফিয়ায়ে কেরামের মধ্যে তা প্রচলন পেয়েছে। সূফী-দরবেশগণ সরল মনে যা শুনতেন তাই বিশ্বাস করতেন। ফলে জালিয়াতগণ তাদের মধ্যে জাল কথা ছড়াতে বেশি সক্ষম হতো।[1]

## ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, পৃ. ৩৫৮, মোল্লা কারী, আল-আসরার, পৃ. ১৯৭, যারকানী, মুখতাসারুল মাকাসিদ, পৃ. ১৬৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4899

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন